ওগো সাঁওতালি ছেলে,
শ্যামল সঘন নববরষার কিশোর দূত কি এলে ॥
ধানের ক্ষেতের পারে   শালের ছায়ার ধারে
বাঁশির সুরেতে   সুদূর দূরেতে   চলেছ হৃদয় মেলে ॥
পুবদিগন্ত দিল তব দেহে নীলিমলেখা,
পীত ধড়াটিতে অরুণরেখা,
কেয়াফুলখানি   কবে তুলে আনি
দ্বারে মোর রেখে গেলে ॥
আমার গানের হংসবলাকাপাঁতি
বাদল-দিনের তোমার মনের সাথি।
ঝড়ে চঞ্চল তমালবনের প্রাণে
তোমাতে আমাতে মিলিয়াছি একখানে,
মেঘের ছায়ায় চলিয়াছি ছায়া ফেলে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Raag: Mishra-Bhairavi

Visit www.geetabitan.com for notation and other detail